

“ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫
(www.dgfp.gov.bd)

স্মারকনং- পপঅ/এফএসডি/০৩ (কর্মশালা)/০১/২০২২-২৩/০২৩০

তারিখ: ২১/০৮/২০২২ খ্রিঃ

বিষয়: ২০-২২ সেপ্টেম্বর, ২০২২ মেয়াদে স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির ওপর মাঠ পর্যায়ে প্রচারণা কার্যক্রম ও বিশেষ ক্যাম্প অনুষ্ঠান।

জাতীয় পরিবার পরিকল্পনা কর্মসূচীতে স্বল্পমেয়াদী, দীর্ঘমেয়াদী এবং স্থায়ী পদ্ধতিসমূহের মধ্যে স্বল্পমেয়াদী পদ্ধতিসমূহ (কনডম, খাবার বড়ি, ইনজেকটেবলস) একটি তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে যার পদ্ধতিভিত্তিক প্রক্ষেপণ ৬৫%। এ প্রেক্ষাপটে জাতীয়ভাবে স্বল্পমেয়াদী পদ্ধতিসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক ইতঃমধ্যে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি উক্ত পদ্ধতি বিষয়ক বিশেষ প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনসহ বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর ধারাবাহিকতায় প্রাথমিক পর্যায়ে স্বল্পমেয়াদী পদ্ধতিতে জাতীয় প্রক্ষেপণ অনুযায়ী কম অগ্রগতি সম্পন্ন ও দুর্গম এলাকায় অগ্রগতি বৃদ্ধির লক্ষ্যে উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান ইউএনএফপিএ এর কারিগরি ও আর্থিক সহায়তায় আগামী ২০-২২ সেপ্টেম্বর, ২০২২ মেয়াদে ২০টি জেলায় (টাঙ্গাইল, গাজীপুর, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, নড়াইল, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, হবিগঞ্জ, সুনামগঞ্জ, মৌলভীবাজার, জয়পুরহাট, নাটোর, নওগাঁ, দিনাজপুর) প্রচারণা কার্যক্রম ও স্বল্পমেয়াদী পদ্ধতিসমূহের উপর বিশেষ ক্যাম্প পরিচালিত হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে অন্যান্য জেলাসমূহে স্বল্পমেয়াদী পদ্ধতিসমূহের বিশেষ প্রচারণা ও ক্যাম্প অনুষ্ঠিত হবে।

২। প্রচারণা কার্যক্রম শুরু করার প্রারম্ভে ঢাকায় জাতীয় এডভোকেসি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক ও উপ-পরিচালকগণ উক্ত সভায় ভার্চুয়ালি সংযুক্ত থাকবেন। পরবর্তীতে জেলা ও উপজেলা পর্যায়ে পর্যায়ক্রমে এডভোকেসি সভা অনুষ্ঠিত হবে। জেলা পর্যায়ের এডভোকেসি সভায় এফপি-এফএসডি প্রতিনিধি অংশগ্রহণ করবেন।

৩। ২০-২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখ অনুষ্ঠিতব্য বিশেষ ক্যাম্প অনুষ্ঠানের পূর্বে নির্বাচিত জেলাসমূহে উপ-পরিচালক এর নির্দেশনায় ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের তত্ত্বাবধানে মাঠ কর্মীদের দ্বারা প্রস্তুতিমূলক কার্যক্রম পরিচালনাসহ উদ্বুদ্ধকরণ সহায়ক ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকবে। তিন দিনব্যাপী এ প্রচারণা কার্যক্রমের প্রক্ষেপণ, প্রতিবেদন ছক, বাজেট বিভাজন ও ব্যানারের নমুনা যথাসময়ে প্রেরণ করা হবে।

৪। প্রচারণা কার্যক্রম ও বিশেষ ক্যাম্প অনুষ্ঠান অর্থবহ ও সফল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

উপ-পরিচালক
পরিবার পরিকল্পনা

.....।

স্বা:

(মোঃ নিয়াজুর রহমান)

পরিচালক (অর্থ) ও লাইন ডাইরেক্টর
ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী

Email: fsdpfp@gmail.com

দূরালপনী: ৫৫০১২৩৪৭

স্মারকনং- পপঅ/এফএসডি/০৩ (কর্মশালা)/০১/২০২২-২৩/০২৩০/০(৪২)
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

তারিখ: ২১/০৮/২০২২ খ্রিঃ

- ১। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ২। পরিচালক, মোহাম্মদপুর ফার্মিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার, ঢাকা।
- ৩। পরিচালক, মা ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ কেন্দ্র, লালকুঠি, ঢাকা।
- ৪। পরিচালক, মা ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ কেন্দ্র, আজিমপুর, ঢাকা।
- ৫। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর বিভাগ।
- ৬। সহকারী মেইনট্যানেস ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৭। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৮। পরিচালক (অর্থ) ও লাইন ডাইরেক্টর (এফপি-এফএসডি) এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৯। অফিস কপি।

২১/০৮/২০২২
(হাসান আমীন সুমন)

প্রোগ্রাম ম্যানেজার